“তোমাদের কেউ যখন তার ভাইয়ের সঙ্গে সাক্ষাৎ করে, তখন সে যেন তাকে সালাম দেয়। অতঃপর দু’জনের মাঝে যদি গাছ, দেয়াল বা পাথর আড়াল হয়ে যায় এবং তারপর আবার সাক্ষাৎ হয়, তাহলেও যেন তাকে সালাম দেয়”।

আবু হুরাইরাহ রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম
থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন: “তোমাদের কেউ যখন তার ভাইয়ের সঙ্গে সাক্ষাৎ করে, তখন
সে যেন তাকে সালাম দেয়। অতঃপর দু’জনের মাঝে যদি গাছ, দেয়াল বা পাথর আড়াল হয়ে যায় এবং তারপর আবার সাক্ষাৎ হয়, তাহলেও যেন তাকে সালাম দেয়”। [সহীহ] [আবু দাউদ এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম একজন মুসলিমকে তার মুসলিম ভাইয়ের সাথে সাক্ষাত করার সময় তাকে সালাম করার আহ্বান জানান, এমনকি তারা যদি একসাথে হাঁটেন এবং তাদের মাঝে একটি বাধা হয়, যেমন একটি গাছ অথবা প্রাচীর বা বড় পাথর, তারপর তিনি তার সাথে আবার দেখা করেন, তার উচিত হবে তাকে আবার সালাম করা।

http://sunnah.global/hadeeth/bn/show/3552